# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
এসএমই বিভাগ
**www.krishibank.gov.bd**

নং-বিকেবি-প্রকা/এসএমইবিভাগ/৭(৫)/২০২৪-২০২৫/৭৬৫(১২৫৩) তারিখঃ ১৯ জুন ২০২৫ খ্রিঃ

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।
উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ আন্তর্জাতিক এমএসএমই দিবস (International MSME Day) উপলক্ষ্যে "২২ জুন-৩০জুন পর্যন্ত এসএমই ঋণ বিতরণ সপ্তাহ" বিশেষ কর্মসূচী পালন প্রসঙ্গে।**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের প্রতি সকলের সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। জাতিসংঘের ঘোষণা মোতাবেক প্রতিবছর ২৭ জুন তারিখ বিশ্বব্যাপী International MSME Day পালিত হয়। বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সিএমএসএমই খাতের গুরুত্ব তুলে ধরতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত এসএমইএসপিডি মাস্টার সার্কুলার নং-০১/২০২৫ এর মাধ্যমে দিবসটি উদযাপনের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। উক্ত নির্দেশনা বাস্তবায়ন ও চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে এসএমই খাতে ঋণ বিতরণের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের নিমিত্ত বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক আগামী "২২ জুন-৩০জুন, ২০২৫ পর্যন্ত এসএমই ঋণ বিতরণ সপ্তাহ" বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এ বিশেষ কর্মসূচী সফলভাবে উদযাপনের জন্য মাঠ পর্যায়ে নিম্নোক্ত নির্দেশনা দেয়া হলো ঃ

০৩। নির্দেশনাবলী ঃ

ক. আঞ্চলিক কার্যালয় ও শাখা/উপশাখা/এজেন্ট আউটলেটের দর্শণীয় স্থানে ৪ x ২.৫ ফিট সাইজের ব্যানার স্থাপন করতে হবে;
খ. এসএমই উদ্যোক্তাদের নিয়ে যেকোনো ০১(এক) দিন অঞ্চলের ১টি গুরুত্বপূর্ণ শাখায় উদ্যোক্তা সমাবেশ ও মত বিনিময় সভার আয়োজন করতে হবে;
গ. প্রতিটি শাখা কর্তৃক উক্ত সময়কালের মধ্যে কমপক্ষে ০২টি করে নতুন এসএমই ঋণ বিতরণ নিশ্চিত করতে হবে;
ঘ. ২৫০০০ কোটি টাকার প্রণোদনা প্যাকেজের আওতায় নির্ধারিত লক্ষ্যমাত্রার শতভাগ অর্জন করতে হবে (শুধুমাত্র মেয়াদী/প্রকল্প ঋণ বিতরণের মাধ্যমে);
ঙ. সিএমএসএমই ঋণ স্থিতি সন্তোষজনক পর্যায়ে উন্নীতকরণে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে;
চ. আলোচ্য কর্মসূচী উপলক্ষ্যে ব্যাপক প্রচার প্রচারনা চালাতে হবে;

০৪। এমতাবস্থায়, ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারীদের আন্তরিক প্রচেষ্টা এবং সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে উপরিউক্ত নির্দেশনা পরিপালন করতঃ বিশেষ কর্মসূচী সফল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৯/০৬/২০২৫

(আ.ন.ম. বজলুল করিম)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২৪৭১২০১৬৬
ই-মেইল dgmsme@krishibank.org.bd

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক

## বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

এম এস এম ই রূপান্তর:
উদ্ভাবন, বানিজ্য এবং অর্থনৈতিক প্রবৃদ্ধি

২৭ জুন, আন্তর্জাতিক এম এস এম ই দিবস উপলক্ষ্যে

# "এস এম ই ঋন বিতরন সপ্তাহ"

(২২ জুন হতে ৩০ জুন পর্যন্ত)

...............শাখা / কার্যালয়